# স্বল্প বা বিনামূল্যের স্বাস্থ্যবিমার জন্য আজই সাইন আপ করুন



## অভিবাসনগত অবস্থা নির্বিশেষে সার্টিফায়েড অ্যাপ্লিকেশন কাউন্সেলরের কাছ থেকে বিনামূল্যে সহায়তা পান

- আপনার নাম নথিভুক্ত করতে সাহায্য করার জন্য নিউ ইয়র্ক সিটির স্বাস্থ্য দপ্তরের একজন পরামর্শদাতাকে কল করুন — বিস্তারিত জানার জন্য এই প্রচারপত্রের পিছনের পৃষ্ঠাটি দেখুন
- আরো তথ্যের জন্য nyc.gov/health/healthcoverage দেখুন

NYC Health

**নিউ ইয়র্ক স্টেট হেলথ: দি অফিশিয়াল হেলথ প্ল্যান মার্কেটপ্লেস (New York State of Health: The Official Health Plan Marketplace)** এর মাধ্যমে নিউ ইয়র্ক সিটি স্বাস্থ্য বিভাগের একজন সার্টিফায়েড অ্যাপ্লিকেশন কাউন্সেলর স্বল্প অথবা বিনামূল্যের স্বাস্থ্যবিমায় সাইন আপ করতে আপনাকে ও আপনার পরিবারকে  সহায়তা করতে পারেন।

আমাদের কাউন্সেলররা এই কাজগুলি করবে:

- অভিবাসনগত অবস্থা নির্বিশেষে আপনার স্বাস্থ্যবিমা এবং স্বাস্থ্য সেবা বিকল্পগুলির ব্যাখ্যা
- আপনাকে এবং আপনার পরিবারকে স্বাস্থ্যবিমায় **নথিভুক্ত** বা **নতুন করে** করতে সহায়তা করবেন
- স্বল্প ব্যয়যুক্ত বেসরকারী স্বাস্থ্যবিমা পরিকল্পনায় অর্থ প্রদানে আপনি আর্থিক সহায়তার জন্য যোগ্য কিনা তা সন্ধান করবে

আমরা আপনাকে সম্পূরক পুষ্টি সহায়তা প্রোগ্রাম (Supplemental Nutrition Assistance Program, SNAP) সুবিধাসমূহের (ফুড স্ট্যাম্প) জন্য আবেদন করার উদ্দেশ্যেও সাহায্য করতে পারি।

আপনার ভাষায় সাহায্য পাওয়া যাচ্ছে এবং আপনার তথ্য গোপন রাখা হবে।

| কম খরচের বা বিনামূল্যের স্বাস্থ্যবিমা প্রকল্প | আপনি কখন আবেদন করতে পারবেন? | কারা যোগ্য? |
|---|---|---|
| Medicaid | বছরব্যাপী | স্বল্প আয় এবং সীমিত সংস্থান সহ ব্যক্তি, পরিবার এবং শিশু। |
| চাইল্ড হেলথ প্লাস (Child Health Plus, CHP) | সারা বছর | 19 বছরের কম বয়সী বাচ্চা যারা Medicaid-এর জন্য যোগ্য নন এবং অন্যান্য স্বাস্থ্যবিমা কভারেজ নেই। অভিবাসনগত অবস্থা নির্বিশেষে বাচ্চারা কভারেজ পেতে পারেন। |
| আবশ্যক প্ল্যান (Essential Plan, EP) | সারা বছর | কম আয় সহ ব্যক্তিগণ যারা Medicaid বা চাইল্ড হেলথ প্লাস এর জন্য যোগ্য নন। |
| কোয়ালিফায়েড হেলথ প্ল্যান (Qualified Health Plan, QHP) | প্রতি নভেম্বরে শুরু হওয়া বার্ষিক উন্মুক্ত তালিকাভুক্তির সময়কালে অথবা আপনি যদি একটি যোগ্যতা অর্জনকারী জীবনের ঘটনা অভিজ্ঞতা লাভ করেন* | মাঝারি বা কম আয় সহ ব্যক্তিগণ যারা Medicaid-এর জন্য যোগ্য নন তারা বেসরকারি স্বাস্থ্যবিমা কিনতে পারেন।<br>আপনার আয়ের ওপর নির্ভর করে আপনি আর্থিক সাহায্যের জন্য যোগ্য হতে পারেন। |

*একটি যোগ্য জীবন ইভেন্টের মধ্যে নিউ ইয়র্ক স্টেটে স্থানান্তর; বিবাহ; সন্তানের জন্মগ্রহণ বা দত্তক নেওয়া; আপনার আয়ের পরিবর্তন; বা আপনার স্বাস্থ্যবিমা হারানো অন্তর্ভুক্ত।

# স্বাস্থ্যবিমা এবং পরিচর্যার বিকল্প

## 65 বছর বা তার চেয়ে বেশি বয়স্ক, প্রতিবন্ধী হয়ে জীবন কাটাচ্ছেন বা দৃষ্টি প্রতিবন্ধী এমন ব্যক্তিদের জন্য

আপনি Medicaid, Medicare এবং Medicare সেভিংস প্রোগ্রামে আবেদন করার জন্য বিনামূল্যে সহায়তা পেতে পারেন, যা Medicare এর খরচ কভার করতে সাহায্য করে। অ্যাপয়েন্টমেন্ট নেওয়ার জন্য 347-396-4705 নম্বরে কল করুন।*

*Medicaid অথবা Medicare সেভিংস প্রোগ্রামের (Medicare Savings Program) জন্য আবেদনের সহায়তা নিউ ইয়র্ক স্টেট হেলথ মার্কেটপ্লেস পরিষেবাদি থেকে আলাদা।

## অভিবাসীদের জন্য

**আপনি এবং আপনার পরিবার নিউ ইয়র্ক স্টেট অফ হেলথ: অফিশিয়াল হেলথ প্ল্যান মার্কেটপ্লেসের মাধ্যমে স্বল্প খরচের বা বিনা খরচের স্বাস্থ্যবিমার জন্য যোগ্যতা অর্জন করতে পারেন। অনেক অভিবাসনগত অবস্থাও আপনাকে কভারেজের জন্য যোগ্য করে তুলতে পারে, যার মধ্যে নিম্নলিখিতগুলি অন্তর্ভুক্ত রয়েছে তবে এগুলোতেই সীমাবদ্ধ নয়:**

- স্থায়ী বাসিন্দা (গ্রিন কার্ডধারক)
- শরণার্থী বা অ্যাসিলি
- এ ইউ বা টি ভিসাধারক (অপরাধ বা পাচারের শিকারদের জন্য)
- নিয়োগ অনুমোদনের কার্ডধারক
- বাচ্চার আগমনের জন্য একটি বিলম্বিত পদক্ষেপ (Deferred Action for Childhood Arrivals, DACA) প্রাপক
- একটি অস্থায়ী সুরক্ষিত অবস্থা (Temporary Protected Status, TPS) প্রাপক
- উপরের যে কোনো অভিবাসন সুবিধার জন্য করা একজন আবেদনকারী

আপনি যদি আপনার অবস্থা বা আপনি স্বাস্থ্যবিমার জন্য যোগ্য কিনা সে সম্পর্কে নিশ্চিত না হন, তাহলে আমরা রয়েছি সাহায্য করার জন্য! বিনামূল্যে সহায়তার জন্য একজন পরামর্শদাতার সাথে যোগাযোগ করুন — বিস্তারিত জানার জন্য এই প্রচারপত্রের পিছনের পৃষ্ঠাটি দেখুন।



**স্বাস্থ্য বিমা নথিভুক্তি কীভাবে আপনার অভিবাসন স্থিতিকে প্রভাবিত করে সে সম্পর্কে আপনার যদি উদ্বেগ থাকে, বিনামূল্যে, গোপনীয় আইনি সাহায্যের জন্য 800-354-0365 নম্বরে ইমিগ্রেশন লিগ্যাল সাপোর্ট হটলাইনে কল করুন।**

## অভিবাসনগত অবস্থা নির্বিশেষে:

- চাইল্ড হেলথ প্লাস (CHP) এর মাধ্যমে 19 বছরের কম বয়সী শিশুরা স্বাস্থ্যবিমা পেতে পারেন।
- নিম্ন আয়ের গর্ভবতী মহিলারা তাদের গর্ভাবস্থায় এবং গর্ভাবস্থা শেষ হওয়ার পরবর্তী এক বছরের জন্য সম্পূর্ণ কভারেজের জন্য যোগ্য হতে পারেন।
- ব্যক্তিগত বা নিয়োগকর্তার স্পনসর করা বিমা পাওয়া যেতে পারে।
- 65 বছর বা তার বেশি বয়সের আয় কম থাকা লোকেরা Medicaid এর জন্য যোগ্য হতে পারেন।

নিম্ন আয়ের অভিবাসীরা যারা উপরোক্ত প্রোগ্রামগুলির জন্য যোগ্য নন তারা জরুরি Medicaid-এর জন্য যোগ্য হতে পারেন, যা আপৎকালীন অবস্থায় চিকিৎসার খরচ প্রদান করে।

**NYC যত্ন, NYC Health + Hospitals, কম্যুনিটি হেলথ সেন্টার, এবং NYC স্বাস্থ্য দপ্তর ক্লিনিকের মাধ্যমে, অভিবাসনগত অবস্থা নির্বিশেষে, সমস্ত NYC বাসিন্দাদের জন্য কম খরচে বা বিনামূল্যে স্বাস্থ্যসেবা উপলভ্য।**



# স্বাস্থ্যবিমার জন্য সাইন আপ করতে প্রস্তুত হয়ে নিন



আপনি প্রস্তুত থাকলে সাইন-আপ দ্রুত এবং সহজ হয়। আপনার পরিবারের যারা সাইন আপ করছেন তাদের প্রত্যেকের জন্য যথাসম্ভব এই তথ্যটি উপলভ্য রাখুন। আপনার কাছে এখন সমস্ত তথ্য না থাকলেও, আপনি এখনও প্রক্রিয়াটি শুরু করতে পারেন।

## পরিবার বিষয়ক তথ্য

- সোশ্যাল সিকিউরিটি নম্বর
- জন্মতারিখ
- বর্তমান কর্মসংস্থান এবং আয়ের তথ্য, যেমন বেতন রশিদ , ট্যাক্স স্টেটমেন্ট বা W-2 ফর্ম
- বিমাকার্ড, যদি আপনার পরিবারের সদস্যদের স্বাস্থ্যবিমা থাকে

## অভিবাসন নথি

মার্কিন যুক্তরাষ্ট্রে আপনার অভিবাসনগত অবস্থা প্রদর্শন করে এমন জিনিসগুলির মধ্যে অন্তর্ভুক্ত থাকতে পারে:

- স্থায়ী বাসিন্দা কার্ড (গ্রিন কার্ড/I-551)
- নিয়োগ অনুমোদনের কার্ড (I-766)
- নাগরিকত্ব অর্পণ শংসাপত্র
- আগমন/প্রস্থান রেকর্ড (I-94 বা I-94A)
- উন্মুক্ত ফর্মের ORR যাচাইকরণ (ORR UAC/R-1)
- পাসপোর্ট
- I-94 স্ট্যাম্পের সাথে মার্কিন যুক্তরাষ্ট্রের ভিসা
- I-797 USCIS কর্মের বিজ্ঞপ্তি (একটি অভিবাসন সুবিধার জন্য করা আবেদন প্রাপ্তির স্বীকৃতি)

**আমাদের কাউন্সেলরদের সাথে আপনার শেয়ার করা অভিবাসন নথিপত্র শুধুমাত্র আপনি কোন প্রোগ্রামগুলির জন্য যোগ্য তা নিশ্চিত করার জন্য ব্যবহৃত হয়। এগুলি অন্য কোনো উদ্দেশ্যে ব্যবহার করা যাবে না এবং করা হবে না।**



## সহায়ক পরামর্শ

- আপনার পরিবারের স্বাস্থ্যের ইতিহাস (ওষুধ, ডাক্তার) জেনে নিন।
- যদি আপনার একজন নিয়মিত স্বাস্থ্য পরিচর্যা প্রদানকারী থাকে, তারা যে বিমা প্ল্যান স্বীকার করেন তা লিখুন। যদি আপনি অনিশ্চিত হন তাদের অফিসে কল করুন।
- স্বাস্থ্যবিমার আখ্যার ব্যাপারে জানুন যেমন "ডিডাক্টিবেল," "কোপেমেন্ট" বা "কভারেজ মেয়াদ," যা আপনার কভারেজকে প্রভাবিত করতে পারে। স্বাস্থ্যবিমা কীভাবে কাজ করে তা জানতে, যান nyc.gov/hilink।
- নিউ ইয়র্ক স্টেট অফ হেলথ: দি অফিশিয়াল হেলথ প্ল্যান মার্কেটপ্লেস সম্পর্কে আরও জানতে nystateofhealth.ny.gov এ যান।

# নিউইয়র্ক সিটি স্বাস্থ্য দপ্তর কেন্দ্রের অবস্থান

**এই অবস্থানগুলিতে পরামর্শদাতা সোমবার থেকে শুক্রবার সকাল 8:30 থেকে বিকাল 3:30 পর্যন্ত উপলভ্য থাকেন। তথ্যের জন্য বা ফোনের মাধ্যমে স্বাস্থ্য বীমায় নাম নথিভুক্ত করার জন্য একটি অ্যাপয়েন্টমেন্ট নির্ধারিত করতে যেকোনো একটি অবস্থানে যাওয়ার জন্য 347-665-0214 নম্বরে ফোন করুন।**

## Bronx

**Morrisania Health Center**
1309 Fulton Ave., তৃতীয় তলা
Bronx, NY 10456

**Tremont Neighborhood Health Action Center**
1826 Arthur Ave., প্রথম তলা
Bronx, NY 10457

## Manhattan

**Chelsea Health Center**
303 Ninth Ave., প্রথম তলা
New York, NY 10001

**Riverside Health Center**
160 W. 100th St., প্রথম তলা
New York, NY 10025

**Washington Heights Health Center**
600 W. 168th St., দ্বিতীয় তলা
New York, NY 10032

## Brooklyn

**Bedford Health Center**
485 Throop Ave., দ্বিতীয় তলা
Brooklyn, NY 11221

**Bushwick Health Center**
335 Central Ave., প্রথম তলা
Brooklyn, NY 11221

**Fort Greene Health Center**
295 Flatbush Ave. Ext., পাঁচ তলা
Brooklyn, NY 11201

## Queens

**Astoria Health Center**
12-26 31st Ave., দ্বিতীয় তলা
Astoria, NY 11106

**Corona Health Center**
34-33 Junction Blvd., প্রথম তলা
Jackson Heights, NY 11372

**Jamaica Health Center**
90-37 Parsons Blvd., চতুর্থ তলা
Jamaica, NY 11432

## Staten Island

135 Canal St., দ্বিতীয় তলা
Staten Island, NY 10304

**আরো তথ্যের জন্য**
**nyc.gov/health/healthcoverage**
**দেখুন অথবা QR কোডটি স্ক্যান করুন।**

3.25 Bengali

### নথিভুক্ত করার সাইটের যোগাযোগের তথ্য

অবস্থান: ____________________

কাউন্সেলরের নাম: ____________________

টেলিফোন নম্বর: ____________________

অ্যাপয়েন্টমেন্ট: ____________________